

তারিখঃ ০১-১২-১৯ (পৃঃ ১৩)

## ব্রির বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালা শুরু

এম আব্দুল মোমিন

কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক বলেছেন, বিগত এক বছরে আমরা কি করেছি, তার জবাবদিহিতা আমাকেও করতে হবে। কৃষিকে লাভজনক করতে হলে শুধু ধান চাষ করলেই হবে না। ধানকে লাভজনক কৃষিপণ্যে রূপান্তর করতে হবে। গ্রামের কৃষকরা লাভবান হলে তারা নিজ পরিবারের জন্য পুষ্টিমানসম্পন্ন খাদ্য সংগ্রহ করতে পারবে। তিনি গত বৃহস্পতিবার গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) মিলনায়তনে ব্রির বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালা-২০১৮-১৯ এর উদ্বোধনী অনুষ্ঠানে এসব কথা বলেন। কৃষিমন্ত্রী বলেন, কৃষিতে উৎপাদন খরচ কমাতে যান্ত্রিকীকরণ করতেই হবে। মানুষ এখন আর ওএমএসের মেটা চাপ খেতে চায় না, যার প্রভাবে বাজারে চিকন চালের মূল্য বৃদ্ধি পেয়েছে। এর আগে কৃষক ধানের মূল্য না পাওয়ায় দীর্ঘদিন মিডিয়ায় আলোচনা হয়েছে। মূল্য কম হলেও সমালোচনা হয়। কৃষিজাত পণ্যের মূল্য নিয়ে সবহিকে ভাবতে হবে। দেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ এটা ব্রির বিজ্ঞানীদের পরিশ্রমের ফল। এ ছাড়া দেশের দারিদ্র হ্রাসেও তাদের সবচেয়ে বেশি ভূমিকা রয়েছে। ব্রির মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীরের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (গবেষণা) কমলা রঞ্জন দাস, ইমেরিটাস প্রফেসর ড. এম এ সাগর মণ্ডল, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক ড. মো. আব্দুল মুঈদ ও বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. কবীর ইকরামুল হক। অনুষ্ঠানে গবেষণা পর্যালোচনা অগ্রপতি করেন ব্রির পরিচালক (গবেষণা) ড. তমাল লতা অদিত্য। ধন্যবাদ ভঙ্গিমা করেন ব্রির পরিচালক (প্রশাসন) ড. কৃষ্ণপদ হালদার।

তারিখঃ ০১-১২-১৯ (পৃঃ ১৩)

## বরিশালে জিংক ধানের বাণিজ্যিকীকরণ কর্মশালা

নাহিদ বিন রফিক

জিংকসমৃদ্ধ ধানের বাণিজ্যিকীকরণ শীর্ষক দিনব্যাপী এক আঞ্চলিক কর্মশালা গত ২৭ নভেম্বর বরিশালের সাগরদি গ্রির সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। হারভেস্ট প্লাস আয়োজিত এ কর্মশালায় প্রধান অতিথি ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের (ডিএই) অতিরিক্ত পরিচালক মোঃ আফতাব উদ্দিন। তিনি বলেন, দেশে পর্যাপ্ত খাবার আছে। তারপরও কিছুলোক পুষ্টির অভাবে ভুগছেন। পুষ্টি সম্পর্কে অজানাই এর প্রধান কারণ। তাই সবহিকে সচেতন হতে হবে। খাদ্যে পুষ্টি সরবরাহ না করে ওষুধ খাইয়ে ঘাটিতি পূরণ সম্ভব নয়। সে ক্ষেত্রে জিংকসমৃদ্ধ ধান হতে পারে আমাদের আশীর্বাদ। আর এ জন্য এর উৎপাদন ও বাজারজাতকরণের দিকে গুরুত্ব দিতে হবে সমানভাবে। হারভেস্ট প্লাসের কান্ট্রি ম্যানেজার ড. মো. খায়রুল্লাহ বাশারের সভাপতিত্বে অনুষ্ঠানের বিশেষ অতিথিরা ছিলেন বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. আলিমগীর হোসেন, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বারি) মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মুহাম্মদ সামসুল আলম, স্বাস্থ্য অধিদপ্তরের উপ-পরিচালক ডা. বাসুদেব কুমার দাস, অন্যদের মধ্যে বক্তব্য রাখেন কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটের অধ্যক্ষ গোলাম মোঃ ইদ্রিস, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের (বিএডিসি) যুগ্ম পরিচালক ড. মোঃ মিজানুর রহমান, ডিএই পটুয়াখালীর উপ-পরিচালক হৃদয়েশ্বর দত্ত, পিরোজপুরের উপ-পরিচালক আবু হেনা মোঃ জাফর, জেলা খাদ্য নিয়ন্ত্রক মাইনুদ্দিন, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের (বারটান) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোঃ জামাল হোসেন।